গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।
www.kamolganj.moulvibazar.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮৫৬.০০৪.০৩.০১৬.২৪- ৬৮

তারিখ : ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## ১৪৩১ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১-০৯-২০১১ খ্রি. তারিখের স্মারক নম্বর- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০১১ এর মর্মানুযায়ী এবং স্মারক নম্বর-৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩, তারিখ: ২০-০২-২০১৮ মূলে জারীকৃত পরিপত্র মোতাবেক কমলগঞ্জ উপজেলাধীন (পৌর এলাকা বহির্ভূত) হাট বাজার সমূহের ১৪৩১ বাংলা (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে মুখবন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে নিম্নবর্ণিত তফসীল মোতাবেক দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান | দরপত্র সিডিউল দাখিলের স্থান |
|---|---|
| ১। জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। | ১। জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |
| ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ। | ২। পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার। |
| ৩। উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ । | ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ । |
| ৪। কমলগঞ্জ থানা, কমলগঞ্জ, ৫। সোনালী ব্যাংক, কমলগঞ্জ শাখা। | ৪। উপজেলা ভূমি অফিস, কমলগঞ্জ । |

### দরপত্র ফরম ক্রয় ও দাখিল সংক্রান্ত তফসীল:

| পর্যায় ক্রম | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও শেষ সময় | দরপত্র দাখিলের তারিখ ও শেষ সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৮-০২-২০২৪ খ্রি. বিকাল ০৪.০০ টা পর্যন্ত। | ১৯-০২-২০২৪ খ্রি. বেলা ০২:০০ ঘ. পর্যন্ত। | ১৯-০২-২০২৪ খ্রি. বেলা ০২:৩০ ঘ. পর্যন্ত। | ---- |
| ২য় পর্যায় | ১২-০৩-২০২৪ খ্রি. বিকাল ০৪.০০ টা পর্যন্ত। | ১৩-০৩-২০২৪ খ্রি. বেলা ০২:০০ ঘ. পর্যন্ত। | ১৩-০৩-২০২৪ খ্রি. বেলা ০২:৩০ ঘ. পর্যন্ত। | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৩য় পর্যায় | ০৩-০৪-২০২৪ খ্রি. বিকাল ০৪.০০ টা পর্যন্ত। | ০৪-০৪-২০২৪ খ্রি. বেলা ০২:০০ ঘ. পর্যন্ত। | ০৪-০৪-২০২৪ খ্রি. বেলা ০২:৩০ ঘ. পর্যন্ত। | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |

### পরিশিষ্ট-ক (১৪৩১ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা)

| ক্র: নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১. | কালেঙ্গা বাজার | রহিমপুর | ৮৭৩৪৪.০০ | ৫০০.০০ |
| ২. | চৈত্রঘাট বাজার | রহিমপুর | ১৬২১৮.০০ | ৫০০.০০ |
| ৩. | শহীদনগর বাজার | পতনঊষার | ১৮১৯৭.০০ | ৫০০.০০ |
| ৪. | রাজদিঘীরপাড় বাজার | পতনঊষার | ৫৩৮৮৫.০০ | ৫০০.০০ |
| ৫. | মুন্সিবাজার বাজার | মুন্সিবাজার-৭০%, রহিমপুর-৩০% | ১৪৪৭০৬১.০০ | ৩৬০০.০০ |
| ৬. | শমশেরনগর বাজার | শমশেরনগর | ৩৯১১৪০০.০০ | ৮৬০০.০০ |
| ৭. | আদমপুর বাজার | আদমপুর | ৪১৭৪৬৩২.০০ | ৯০০০.০০ |
| ৮. | রাণীর বাজার | আদমপুর | ৬৭৮৭৫.০০ | ৫০০.০০ |
| ৯. | নৈনারপাড় বাজার | আদমপুর | ৬৪৫১৯.০০ | ৫০০.০০ |
| ১০. | আধকানি নতুন বাজার | আদমপুর | ৯৩৯৯.০০ | ৫০০.০০ |
| ১১. | মাধবপুর বাজার | মাধবপুর | ৪৭১৭.০০ | ৫০০.০০ |
| ১২. | শিববাজার | মাধবপুর | ৭৯৬৮.০০ | ৫০০.০০ |
| ১৩. | টিলা বাজার | ইসলামপুর | ৯২৫৭.০০ | ৫০০.০০ |
| ১৪. | রাজকান্দি নতুন বাজার | ইসলামপুর | ১০৬৮৮.০০ | ৫০০.০০ |
| ১৫. | হেরেঙ্গা বাজার | ইসলামপুর | ১৫৯০.০০ | ৫০০.০০ |

<u>১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী</u>

১. বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মতে টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারা গ্রহীতা হাট-বাজারটি অন্যের নিকট সাব-লীজ প্রদান করতে পারবেন না।

১০. ইজারাদার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/-(তিনশত টাকা মাত্র) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

২৬|০১|২০২৪

(জয়নাল আবেদীন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।
মোবাঃ ০১৭৩০-৩৩১০৭৩
unokamalganj@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৬.৫৮৫৬.০০৪.০৩.০১৬.২৪- ৬৮

তারিখ : ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে জন্য-

১. জনাব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৫. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৭. উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা/জুড়ী/কুলাউড়া/মৌলভীবাজার সদর/রাজনগর/শ্রীমংগল, মৌলভীবাজার।
৮. মেয়র, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার। বহুল প্রচারের জন্য অনুরোধসহ।
৯. সহকারী কমিশনার (ভূমি), কমলগঞ্জ, মৌলভীবাজার।
১০. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। বহুল প্রচারের জন্য অনুরোধসহ।
১১. উপজেলা......................................কর্মকর্তা (সকল), কমলগঞ্জ। বহুল প্রচারের জন্য অনুরোধসহ।
১২. অঞ্চলিক পরিচালক, রেডিও বাংলাদেশ, মীরের ময়দান, সিলেট। বিজ্ঞাপনটি সংবাদ বুলেটিন/স্থানীয় সংবাদে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
১৩. চেয়ারম্যান,................................................ইউনিয়ন পরিষদ (সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার। তাঁর ইউনিয়নের বিভিন্ন হাট-বাজারে ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারক্রমে আগামী ১৫-০২-২০২৪ খ্রি: তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪. পোস্ট মাষ্টার/স্টেশন মাষ্টার, কমলগঞ্জ , মৌলভীবাজার। বহুল প্রচারের জন্য অনুরোধসহ।
১৫. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস.....................(সকল), কমলগঞ্জ । তাঁর অধিক্ষেত্রের বিভিন্ন হাট-বাজারে ঢোল সহরত/মাইকযোগে বহুল প্রচারক্রমে আগামী ১৫-০২-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে একটি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো ।
১৬. সম্পাদক, দৈনিক ............................./ সাপ্তাহিক .................................... বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ২৭-০১-২০২৪ খ্রি: তারিখের মধ্যে শর্তাবলী ব্যতীত ভিতরের পৃষ্ঠায় একবার প্রকাশ পূর্বক তার একটি কপি অত্রাফিসে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
১৭. সহকারী প্রোগ্রামার, তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, কমলগঞ্জ। তাঁকে বিজ্ঞাপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮. জনাব..........................................................(প্রাক্তন ইজারাদার), পিতা.........................................
গ্রাম:...............................ডাক:.........................................উপজেলাঃ কমলগঞ্জ, জেলাঃ মৌলভীবাজার।

২৬/০১/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।